

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো
উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা

“ক্লিন সাতক্ষীরা গ্রীন সাতক্ষীরা”

স্মারক নং-৫২.০১.৮৭৮৬.০০৫.৫০.০২৯.২০- ১৪২

২৭ পৌষ, ১৪২৬ বঙ্গ

তারিখ :-----।

১৩ জানুয়ারী, ২০২০ খ্রি

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যৱো, পরিবেশনা মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন “জনশুমারি ও গৃহগণনা ২০২১” এর খানা তালিকা প্রণয়ন(লিস্টিং অপারেশন) এবং মূল শুমারির গণনা কার্যক্রমে “তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার” পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নরূপ শর্তে সম্পূর্ণ আঁচ্ছায়ী ভিত্তিতে শুধু সাতক্ষীরা জেলার শ্যামনগর উপজেলায় বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে ।

ক্রমিক নং	পদের নাম	প্রাপ্ত ভাটাদি(টাকা)*	প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৪০০/- পারিতোষিক: ৪৮০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম শ্লাক্ত/সমমান পাশ হতে হবে । ২) ০১/০১/২০২০ তারিখে বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে । ৩) অবশ্যই নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে । ৪) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে । ৫) ৬/৭ জনের একটি টিম পরিচালনা/ব্যবস্থাপনায় দক্ষ হতে হবে । ৬) পূর্ববর্তী কোনো শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অঞ্চাবিকার দেওয়া হবে ।
০২)	তালিকাকারী/ গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- পারিতোষিক: ৪৮০০/- (ভ্যাট ও ট্যাক্সসহ)	১) ন্যূনতম ইইচএসসি/সমমান পাশ হতে হবে । ২) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে । ৩) অবশ্যই নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে । ৪) প্রার্থীর ইইরেজি হাতের লেখা অবশ্যই স্পষ্ট ও সহজে বোধগম্য হতে হবে । ৫) মাঠ পর্যায়ে ডোর টু ডোর কাজ করার মানসিকতা থাকতে হবে । ৬) পূর্ববর্তী কোনো শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অঞ্চাবিকার দেওয়া হবে ।

*বিদ্যুৎ উল্লিখিত হার প্রকল্পের বর্তমান ডিপিপি’র বর্ণনা মোতাবেক । তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি বা এ ধরনের ক্ষেত্রে উর্ধ্বতন কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে ।

শর্তাবলী :

১) খানা তালিকা প্রণয়ন (লিস্টিং অপারেশন) (ফেব্রুয়ারী/২০২০) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০ (দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন, মূল শুমারিতে (২-৮ জানুয়ারী, ২০২১) প্রতি গণনাকারী ০৭ (সাত) দিনে মোট ১৫০(কম/বেশি) খানার তথ্য সংগ্রহ করবেন ।

২) লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহারপ্রৰ্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় প্রার্থীর স্মার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্দৃ হতে হবে এবং স্মার্টফোনের ডিসপ্লে ন্যূনতম ৫.০ (পাঁচ) ইঞ্চিং হতে হবে ।

৩) অন্য কোনো পেশায় (কিভাব গার্টেনের শিক্ষক/ইউনিয়ন বা পৌরসভার সচিব) নিয়োজিত কেউ আবেদন করতে পারবেন না ।

৪) প্রয়োজনে নিজের মৌজা/মহল্লা/ওয়ার্ড ব্যতিরেকে অন্য মৌজা/মহল্লা/ওয়ার্ডে কাজ করার মানসিকতা থাকতে হবে ।

৫) সকল পদের আবেদনপত্র আগামী ২০/০১/২০২০ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিস, শ্যামনগর, সাতক্ষীরা এ সরাসরি/বাহক মারফত বা ডাকঘোষে অফিস চলাকালীন সময়ে পৌছাতে হবে ।

৬) নিয়োগের ক্ষেত্রে পূর্বের অভিজ্ঞতা, গ্রীষ্ম মূল্যায়ন পরীক্ষা ও সাক্ষাৎকারের ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে । এ ক্ষেত্রে কোনো প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না ।

৭) মৌখিক পরীক্ষার সময় সকল সমন্দের মূল কপি প্রদর্শন করতে হবে ।

৮) ডুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে । একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।

অন্যান্য শর্তাবলী :

১) উপজেলা পরিসংখ্যান অফিস, শ্যামনগর, সাতক্ষীরা হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ পূর্বক সহস্ত্রে পূরণ করে আবেদন করতে হবে।

২) আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা/নাগরিকত্ব সনদপত্র, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজ ও ০১ কপি স্ট্যাম্প সাইজের ছবি সত্যায়ন পূর্বক সংযুক্ত করতে হবে ।

৩) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম, ইউনিয়ন ও ওয়ার্ডের নাম ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে ।

৪) পূর্ববর্তী শুমারিতে কাজের অভিজ্ঞতার ক্ষেত্রে (যদি থাকে) উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে ।

৫) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন আপেক্ষে মহিলা প্রার্থীগণকে অঞ্চাবিকার প্রদান করা হবে ।

৬) প্রিস্টিং অপারেশনে নিয়োজিত কর্মসূচির কার্যক্রম সঙ্গেরজনক হলে তারা মূল শুমারিতে ও গণনাকারী ও সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন ।


৭) প্রার্থী নিয়োগের জন্য মূল্যায়ন পরীক্ষা এবং মৌখিক পরীক্ষার সময়সূচী উপজেলা পরিসংখ্যান অফিস, শ্যামনগর, সাতক্ষীরা এর নোটিশ বোর্ডে দেওয়া হবে ।

৮) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাঙ্কশিক্ষিক বাতিল বলে গণ্য হবে ।

৯) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাঙ্কশিক্ষিক বাতিল বলে গণ্য হবে ।

১০) তালিকাকারী / গণনাকারী ও সুপারভাইজারকে প্রকল্পের সংস্থান অনুযায়ী সম্মান/ভাতাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে ।

১১) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।


(মোঃ কামরুজ্জামান)
উপজেলা নির্বাচী অফিসার
শ্যামনগর, সাতক্ষীরা

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা ২০২১ এর
তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি
শ্যামনগর, সাতক্ষীরা।